পরিবর্তনের সারাংশ

এই প্রবিধানটি এর পোস্টিংয়ের তারিখ থেকে কার্যকর এবং এটি ২৬ জুন, ২০১২ তারিখের প্রবিধান D-170-কে হালনাগাদ ও রদ করে।

পরিবর্তনসমূহ:

- প্রার্থীদের যোগ্যতার শর্তে নিম্নলিখিত পরিবর্তন করা হয়েছে যাতে তা পরিবর্তিত স্টেট আইনের সাথে মানানসই হয়: প্রার্থীদেরকে অবশ্যই কোন দ্বিভাষিক বা ইএসএল কর্মসূচিতে অংশগ্রহণকারী কিংবা বিগত দুই বছরের মধ্যে এ ধরনের কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষার্থীর পিতামাতা হতে হবে। সিইসিইএলএল-এর কোন পদে প্রার্থীতা নিশ্চিত করার জন্য পিতামাতার আবেদনের তারিখ বিবেচনা করে যোগ্যতা নিশ্চিত করা হয়। (পৃষ্ঠা 1, অনুচ্ছেদ I.A.1 দেখুন)।
- প্রার্থীদেরকে এখন যে স্কুলের দ্বিভাষিক বা ইএসএল কর্মসূচিতে তাদের সন্তান পড়ালেখা করছে এবং/অথবা এ ধরনের কর্মসূচিতে যদি বিগত দুই বছরের মধ্যে তাদের ছেলেমেয়ে পড়ালেখা করে থাকে, তাহলে সে সংক্রান্ত তথ্য তাদের আবেদনপত্রে তালিকাভুক্ত করতে হবে। একজন প্রার্থীকে একটি ডিস্ট্রিক্ট-এর প্রতিনিধি বলে গণ্য করা হবে যে ডিস্ট্রিক্ট-এ প্রার্থীর কোন সন্তান একটি দ্বিভাষিক বা ইএসএল কর্মসূচিতে পড়ালেখা করছে এবং/অথবা বিগত দুই বছরের মধ্যে এ ধরনের কোন কর্মসূচিতে পড়ালেখা করেছে। প্রার্থীগণ যেসব স্কুলের প্রতিনিধিত্ব করছেন, সেসব স্কুলের তথ্য প্রদান করতে ব্যর্থ হলে চ্যান্সেলরের মতামত সাপেক্ষে অনুযায়ী তাকে অযোগ্য বিবেচনার কারণ হিসেবে কাজ করতে পারে। (পৃষ্ঠা 2, অনুচ্ছেদ II.B দেখুন)
- বর্তমান ইএলএল শিক্ষার্থীদের পিতামাতা নন, এমন অনূর্ধ্ব চারজন প্রার্থী সিসিইএলএল-এর জন্য নির্বাচিত হতে পারবেন না। যদি বর্তমান ইএলএল শিক্ষার্থীদের পিতামাতা নন, এমন অনূর্ধ্ব চারজন প্রার্থী নির্বাচিত হন, তাহলে তাদের মধ্য থেকে V.A.2.c ধারায় বর্ণিত নিষেধ সাপেক্ষে সর্বোচ্চ ভোট পাওয়া চারজনকে নির্বাচিত বলে গণ্য করা হবে, এবং অন্যসব প্রার্থীদের মধ্যে যারা বর্তমান ইএলএল শিক্ষার্থীর পিতামাতা নন, তাদেরকে বিবেচনা থেকে প্রত্যাহার করা হবে। (পৃষ্ঠা 3, অনুচ্ছেদ V.A.2.b দেখুন)।
- একমাত্র V.A.2.b ধারায় বর্ণিত ব্যতিক্রম ছাড়া সিসিইএলএল-এ কোন ডিস্ট্রিক্ট-এরই একাধিক পিতামাতা প্রতিনিধি থাকতে পারবে না। যদি একই ডিস্ট্রিক্ট থেকে একাধিক প্রার্থী নির্বাচিত হন, তাহলে V.A.2.b ধারায় বর্ণিত নিষেধ সাপেক্ষে সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থীকে নির্বাচিত বলে গণ্য করা হবে। সে ডিস্ট্রিক্ট-এর কম ভোট পাওয়া অন্যান্য প্রার্থীদেরকে বিবেচনা থেকে প্রত্যাহার করা হবে এবং পরবর্তী সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থীকে ইতিমধ্যে যে ডিস্ট্রিক্ট-এর কোন প্রতিনিধি সিসিইএলএল-এ নেই, সেটির জন্য V.A.2.b ধারায় বর্ণিত শর্তানুযায়ী তাকে শর্তসাপেক্ষে নির্বাচিত বলে গণ্য করা হবে।